

আহসান মঞ্জিল জাদুঘর

বাংলাদেশ জাতীয় জাদুঘর

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

নওয়াব বাড়ি, ঢাকা-১১০০১

www.ahsanmanzil.org.bd

স্মারক নম্বর : ৪৩.২২.০০০০.০২৬.০২.০৬৬.২৫/৩০০

তারিখ : ১৭ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ।
০১ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ।

বিষয় : আহসান মঞ্জিল জাদুঘরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫-এর ক্রমিক ১.১.১ অনুযায়ী স্টেকহোল্ডারের সমন্বয়ে আয়োজিত সভার রেকর্ড নোটস।

সভাপতি: জনাব দিবাকর সিকদার, উপ-কীপার, আহসান মঞ্জিল জাদুঘর।

তারিখ : ৩১ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ।

সময় : বেলা ১২.০০ টা।

স্থান : লাইব্রেরি কক্ষ, আহসান মঞ্জিল জাদুঘর।

সভাপতি সভার শুরুতে সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। তিনি জানান আহসান মঞ্জিল জাদুঘরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫-এর ক্রমিক ১.১.১ মোতাবেক 'যদি কোনো দপ্তর/সংস্থা/অফিসে ১ম ত্রৈমাসিকে জিআরএস সিস্টেমে বা অন্যান্য মাধ্যমে কোনো অভিযোগ পাওয়া না যায়, উক্ত অফিস কর্তৃক ২য় ত্রৈমাসিকে স্টেকহোল্ডারের সমন্বয়ে সভা আয়োজন' সংক্রান্ত নির্দেশনা রয়েছে। আহসান মঞ্জিল জাদুঘরে যেহেতু প্রথম ত্রৈমাসিকে জিআরএস সিস্টেমে বা অন্যান্য মাধ্যমে কোনো অভিযোগ পাওয়া যায়নি সেহেতু, স্টেকহোল্ডারের সমন্বয়ে এ অবহিতকরণ সভা আয়োজন করা হয়েছে। সভাপতি জিআরএস সিস্টেমে অভিযোগ করার পদ্ধতি উপস্থিত সকলকে অবহিত করেন। সভাপতি উপস্থিত সকলকে আহসান মঞ্জিল জাদুঘরের সেবার ব্যাপারে মতামত/পরামর্শ/অভিযোগ করার অনুরোধ করেন। নিম্নোক্ত স্টেকহোল্ডারগণ তাদের মূল্যবান মতামত/পরামর্শ/অভিযোগ প্রদান করেন।

- ১) জনাব মো. ফিরোজ আলম, ব্যবসায়ী, গাজীপুর বলেন, "জাদুঘর পরিদর্শনের জন্য নির্ধারিত প্রবেশ ফি তুলানামূলক বেশি, প্রবেশ ফি কমানো উচিত।"
- ২) জনাব মো. হাবিবুর রহমান, বস্ত্র ব্যবসায়ী, ইসলামপুর, ঢাকা বলেন, "জাদুঘরের সামনে আগত দর্শকদের গাড়ি পার্কিং করে রাস্তা সংকীর্ণ করে রাখা হয়, এতে পথচারী ও যানবাহন চলাচলে ব্যাঘাত ঘটে। এ বিষয়ে ব্যবস্থা নিলে ভাল হয়।"
- ৩) জনাব মো. পলাশ মোল্লা, ফল ব্যবসায়ী, ঢাকা বলেন, "জাদুঘরের টয়লেটগুলো পরিষ্কার নয় এবং অপরিষ্কার। বিদ্যমান টয়লেটগুলো পরিষ্কার করা এবং টয়লেটের সংখ্যা বৃদ্ধি করা প্রয়োজন।"
- ৪) জনাব শহিদুল ইসলাম, আনসার এ.পি.সি, আহসান মঞ্জিল জাদুঘর বলেন, "আনসার ব্যারাকের সামনে ময়লার স্তুপ রয়েছে উক্ত ময়লা পরিষ্কার করা উচিত।"
- ৫) জনাব মো. সানিউল হক শাওন, ছাত্র, গাজীপুর বলেন, "জাদুঘরের মাঠে বসার কোনো বেঞ্চ নেই। আগত দর্শকদের বসার জন্য মাঠে বেঞ্চ নির্মাণ করা প্রয়োজন।"
- ৬) জনাব তানজিলা আক্তার, ছাত্রী, ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বলেন, "জাদুঘরের ফুলের বাগান আরো বৃদ্ধি করে প্রাকৃতিক পরিবেশের উন্নয়ন করা উচিত।"
- ৭) জনাব হাসান নাসরুল্লাহ, ছাত্র, ঢাকা বিশ্ববিদ্যালয় বলেন, "জাদুঘরের অভ্যন্তরে ছবি তোলা নিষেধ করা হয়েছে, এতে আমরা আমাদের স্মৃতির ছবি সংরক্ষণ করতে পারছি না। ছবি তোলার নিষেধাজ্ঞা প্রত্যাহার করা উচিত।"

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে এবং এই অভিযোগ/পরামর্শ GRS সিস্টেমে দাখিল করার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


দিবাকর সিকদার
উপ-কীপার
আহসান মঞ্জিল জাদুঘর

বিতরণ:

- ১। কীপার (সং), ফোকাল পয়েন্ট কর্মকর্তা, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) কমিটি ও অনিক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা-১০০০।
 - ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা-১০০০।
- সংশ্লিষ্ট নথি।

